ঝিনাইদহের পবহাটিতে সামাজিক সংগঠনের যৌথ উদ্যোগে সাপ্তাহিক খাদ্য বিতরণ

ঝিনাইদহের পবহাটি পুকুর পাড়ে সামাজিক ও মানবিক সংগঠনের যৌথ উদ্যোগে প্রতি শুক্রবার বিশেষ খাদ্য বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। তারই ধারা বাহিকতায় প্রতি শুক্রবারের ন্যায় আজ (২ অক্টোবর) সামাজিক দায়িত্ববোধ ও মানবিক প্রতিশ্রুতির জায়গায় অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষদের মাঝে একবেলা মানসম্মত ও পুষ্টিকর খাবার পরিবেশন করা হয়েছে।

পবহাটি গ্রামের গরিব, বিধবা ও এতিম মানুষের মুখে হাঁসি ফোটানোর লক্ষ্যে জাহানারা জাবেদ (জে জে) ফাউন্ডেশন, জেনারেল জিয়া ফাউন্ডেশন এবং পবহাটি গ্রামবাসীর যৌথ উদ্যোগে এই মানবিক কর্মসূচি পরিচালিত হচ্ছে।

আজ শুক্রবার পবহাটি পুকুর পাড়া জামে মসজিদের সামনে আয়োজিত এ কর্মসূচিতে উপস্থিত থেকে নিজ হাতে খাদ্য বিতরণ করেন বিশিষ্ট সমাজসেবক আক্তারুজ্জামান আক্তার।

পুরো কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালন করেন বিশিষ্ঠ সমাজ সেবক আসাদুল ইসলাম দুলাল, জাহানারা জাবেদ ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, যুগ্ম সম্পাদক আলী হোসেন, এছাড়াও সাইফুল ইসলাম, নয়ন, সাব্বির, রিপন, জয়নুল ও জনিসহ স্থানীয় একঝাঁক দ্যেমী যুবক ও গ্রামবাসী।

আয়োজকরা জানান, সমাজে যারা সুবিধাবঞ্চিত ও অসহায়, সপ্তাহের একটি দিন তাদের জন্য ভালো খাবারের ব্যবস্থা করা অত্যন্ত তৃপ্তিদায়ক একটি কাজ। ধর্মীয় ও সামাজিক দায়বদ্ধতা থেকেই নিয়মিত এই আয়োজন করা হচ্ছে এবং আগামীতেও এই ধারা অব্যাহত থাকবে। গ্রামের অসহায় মানুষের জন্য সমাজের বিত্তবান ও মানবিক সংগঠনগুলোর এমন যৌথ উদ্যোগ স্থানীয়ভাবে বেশ প্রশংসিত হচ্ছে।

মেহেরপুরে জাতীয় শোক দিবসে বিজিবির খাদ্য বিতরণ

স্বাধীনতার মহান স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২ শতাধিক অসহায় ও দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর সহ কয়েকটি বিওপিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি’র উদ্যোগে খাদ্য বিতরণের পাশাপাশি কোরআন খতম ও বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি অধিনায়ক লে: কর্নেল মোহাম্মদ খালেকুজ্জামান পিএসপি ও সহকারী পরিচালক শেখ মোহাম্মদ ইমরান আলী সহ ক্যাম্প কমান্ডার বৃন্দ উপস্থিত ছিলেন।